

# কালের কর্ত্তা

আপডেট : ১৯ মার্চ, ২০১৮ ২৩:২৩

রাজবাড়ীর মাছপাড়া মহাবিদ্যালয়

শিক্ষিকা লাঞ্ছিত শিক্ষার্থীদের ক্লাস বর্জন

 শিক্ষিকা লাষ্টিত শিক্ষার্থীদের ক্লাস বর্জন

রাজবাড়ীর পাংশা উপজেলার মাছপাড়া মহাবিদ্যালয়ে গতকাল সোমবার সকালে এক শিক্ষিকা লাঞ্ছিত হয়েছেন। এ ঘটনার প্রতিবাদে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করেছে।

শিক্ষক ও শিক্ষার্থীরা জানায়, গতকাল সকাল সাড়ে ৯টার দিকে শিক্ষিকা ট্রেন যোগে কলেজে এসে শিক্ষক সম্মেলন কক্ষে গিয়ে বসেন। এর কিছু সময় পর সম্মেলন কক্ষে অবস্থান নেন অভিযুক্ত মার্কেটিং বিভাগের শিক্ষক মিয়া মোহাম্মদ তোফিকুল ইসলাম। তিনি সেখানে গিয়ে ওই শিক্ষিকার ওপর চড়াও হন।

শিক্ষিকা বলেন, ‘বেশ কিছুদিন ধরে ওই শিক্ষক আমার সঙ্গে বৈরী আচরণ করে আসছিলেন। গতকাল আমি শিক্ষক সম্মেলন কক্ষে বসে ছিলাম। এ সময় হঠাৎ করে তিনি এসে আমাকে অকথ্য ভাষায় গালাগাল করেন। লাখি মেরে আমাকে চেয়ার থেকে ফেলে দেন। আমি বিষয়টি তাৎক্ষণিক অধ্যক্ষকে জানাই।’

শিক্ষকরা বলেন, যাকে লাঞ্ছিত করা হয়েছে তিনি কলেজের শিক্ষক প্রতিনিধি। শিক্ষক প্রতিনিধি না হতে পেরে তোফিকুল ইসলাম এমনটা ঘটাতে পারেন।

এদিকে, কলেজ ক্যাম্পাসে গিয়ে দেখা যায়, অভিযুক্ত শিক্ষকের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে শিক্ষার্থীরা বিক্ষোভ করছে, একই সঙ্গে তোফিকুল ইসলামকে কলেজের একটি কক্ষে আটকে রাখে। তাঁর সঙ্গে কথা বলা সন্তুষ্ট হয়নি।

এ বিষয়ে অধ্যক্ষ নিজাম উদ্দিন পাইন বলেন, ‘এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা। এর সঠিক বিচার হবে বলে আমি বিশ্বাস করি। এরই মধ্যে পরিচালনা পরিষদের সদস্যরা বিষয়টি জেনেছেন। তাঁরাই এ বিষয়ে পদক্ষেপ নেবেন।’

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্রক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্রক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্রক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৮০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৮০২০৮৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৮০২০৮৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)